অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/5/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো ওন্টারিও হ্রদের সম্ভাব্য বন্যা প্রতিরোধের জন্য সাহায্য করতে অতিরিক্ত সংস্থান মোতায়েন করেন

স্থানীয় সরকারসমূহকে নিউ ইয়র্ক রেসপন্ড (NY Responds) অথবা নিউ ইয়র্ক স্টেট ওয়াচ সেন্টার (NYS Watch Center) এ 518-292-2200 নম্বরে রিসোর্সের অনুরোধ জানাতে উৎসাহিত করেন

হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security And Emergency Services, DHSES) 100,000 টির বেশি বালির বস্তা এবং দুটি স্যান্ডব্যাগার সরাসরি বন্যার বিরুদ্ধে সুরক্ষা প্রদান করার জন্য অসওয়েগো কাউন্টিতে মোতায়েন করে

রবিবার বিকেলের মধ্যে আটটি প্রভাবিত কাউন্টিতে স্টেট প্রায় 800,000 টি বালির বস্তা, 15 টি স্যান্ডব্যাগার, শত শত পাম্প এবং 920 ফুট অ্যাকোয়াড্যাম মোতায়েন করবে।

প্রস্তুতি কর্মসূচিতে সহায়তার জন্য নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড (New York National Guard) এর 100 জন সদস্যকে সক্রিয় করা হয়েছে

পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC)পক্ষ থেকে সাধারণ পারমিট উপকূলের সম্পত্তির মালিকদের জন্য মেরামতি ত্বরান্বিত করার জন্য কার্যকর থাকবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ওন্টারিও হ্রদের সম্ভাব্য বন্যা প্রতিরোধের জন্য সাহায্য করতে অসওয়েগো কাউন্টিতে অতিরিক্ত সংস্থান মোতায়েন করার ঘোষণা দেন। সব মিলিয়ে, 100,000 এর বেশি বালির বস্তা, দুটি স্যান্ডব্যাগার এবং 250 ফুট অ্যাকোয়াড্যাম মোতায়েন করায় সাহায্য করতে একজন অপারেটরসহ একটি লম্বা বাহুবিশিষ্ট এক্সক্যাভেটর কাউন্টির বিভিন্ন স্থানে পাঠানো হয়েছে। এছাড়াও গভর্নর ওন্টারিও হ্রদের বন্যায় প্রভাবিত হওয়ার সম্ভাবনা রয়েছে এমন আটটি কাউন্টির স্থানীয় কর্মকর্তাদের তাদের কাউন্টি এমার্জেন্সি ম্যানেজার এর সাথে সরাসরি নিউ ইয়র্ক রেসপন্ড, স্টেটের ওয়েব-ভিত্তিক সিস্টেম যা স্থানীয় সরকার এবং স্টেট এজেন্সিসমূহকে অত্যাবশ্যক জরুরি তথ্য ও রিসোর্স সংক্রান্ত আবেদন জমা দিতে ও শেয়ার করতে সুযোগ করে দেয়, এর কাছে যেকোনো প্রয়োজনীয় রিসোর্স জমা দেয়ার উদ্দেশ্যে কাজ করার উৎসাহ প্রদান করেন। নিউ ইয়র্ক রেসপন্ডের সাথে যোগাযোগ করতে ব্যর্থ হলে এমার্জেন্সি ম্যানেজার 518-292-2200 নম্বরে নিউ ইয়র্ক স্টেট ওয়াচ সেন্টারেও অনুরোধ জানাতে পারেন।

"এই সম্ভাব্য জরুরি অবস্থার জন্য প্রস্তুত হতে গিয়ে আমরা সর্বোত্তম ফলাফল আশা করছি এবং সবচেয়ে খারাপ অবস্থা মোকাবেলার প্রস্তুতি নিচ্ছি। আমরা প্রভাবিত কাউন্টিগুলোতে প্রায় এক মিলিয়ন বালির বস্তা এবং প্রায় 1,000 ফুট অ্যাকোয়াড্যাম মোতায়েন করেছি। তবুও আমি বন্যার মুখোমুখি হওয়ার সম্ভাবনা রয়েছে এমন সব স্থানীয় সরকারকে তাদের সাহায্যের প্রয়োজন রয়েছে কিনা আগে আগেই জানানোর অনুরোধ করছি - কারণ একবার বন্যা শুরু হয়ে গেলে কিছুই করার থাকবে না", **গভর্নর কুওমো বলেন।** "এছাড়াও আমাদের এই নতুন বাস্তবতা মেনে নিতে হবে যে এই উঁচু পানির স্তর অব্যাহত থাকবে এবং আগের চেয়ে আরো উঁচু ও শক্তিশালী হয়ে ফিরে আসবে। ফেডারেল সরকারের 2 ট্রিলিয়ন মার্কিন ডলারের অবকাঠামো প্রকল্পের কিছু অংশ নিশ্চিতভাবেই এই তটরেখা পুনঃনির্মাণের জন্য ব্যবহার করা উচিত। এবং আমাদের ইন্টারন্যাশনাল জয়েন্ট কমিশন (International Joint Commission, IJC) এ প্রতিনিধিত্ব প্রয়োজন - তাদের কাজ বুঝতে পারা এবং ভালোভাবে করতে পারা আবশ্যক যাতে আমরা সবসময় এরকম পরিস্থিতিতে না পড়ি।"

বালির বস্তা, অ্যাকোয়াড্যাম বা অন্যান্য রিসোর্সের প্রয়োজন রয়েছে তটরেখার নিকটবর্তী এমন সম্পত্তির মালিকগণের উচিত সাহায্যের জন্য তাদের মিউনিসিপ্যালিটি বা কাউন্টি এমার্জেন্সি ম্যানেজমেন্ট অফিসে সরাসরি যোগাযোগ করা। তটরেখার নিকটে চলমান প্রস্তুতির পাশাপাশি, অধিবাসী এবং ব্যবসায়ীদের জন্য সাপ্লাই স্টকের ঘাটতি অব্যাহতভাবে পূরণ করা হচ্ছে নিশ্চিত করার উদ্দেশ্যে স্টেট কাউন্টি ও স্থানীয় অংশীদারগণের সাথে সরাসরি সমন্বয় অব্যাহত রাখবে। হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ স্থানীয় অংশীদারগণের সাথে লাগাতার যোগাযোগ রক্ষা করছে এবং প্রয়োজনের সময় যেকোনো অঞ্চলে অতিরিক্ত বালির বস্তা, পাম্প এবং অ্যাকোয়াড্যাম মোতায়েন করতে প্রস্তুত রয়েছে।

এ যাবত হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ হ্রদের তীরবর্তী আটটি কাউন্টিতে ৪00,000 টির বেশি বালির বস্তা, 15 টি স্যান্ডব্যাগার, শত শত পাম্প এবং 920 ফুট অ্যাকোয়াড্যাম মোতায়েন করেছে। নিউ ইয়র্ক স্টেট ক্যানেল কর্পোরেশন (New York State Canal Corporation) অ্যাকোয়াড্যাম মোতায়েন করায় সাহায্য করার উদ্দেশ্যে অসওয়েগো কাউন্টিতে একজন অপারেটরসহ একটি লম্বা বাহুবিশিষ্ট এক্সক্যাভেটর পাঠাচ্ছে। আজ পর্যন্ত, নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের 100 জন সদস্য প্রস্তুতিমূলক কর্মকাণ্ডে সহায়তার জন্য সক্রিয় রয়েছেন।

স্টেটের কর্মকর্তাদের সাথে এই সপ্তাহের শুরুতে হওয়া মিটিং এ আন্তর্জাতিক যৌথ কমিশন প্রভাব হ্রাস করার জন্য সেন্ট লরেন্স নদীতে রবার্ট মোজেজ-রবার্ট এইচ. সন্ডার্স পাওয়ার বাঁধ (Robert Moses-Robert H. Saunders Power Dam) থেকে জলের প্রবাহ বৃদ্ধি করেছে তাহলেও হ্রদের পানির স্তর গড়ের চেয়ে এক ফুটেরও বেশি রয়েছে এবং এর বৃদ্ধি অবিরত থাকতে পারে।

2017 সালে নিউ ইয়র্কের হাজার হাজার মানুষকে বন্যার সাথে যে লড়াই করতে হয়েছিল তা প্রতিরোধ করতে লেক অন্টারিও সিস্টেম থেকে জলের বহিঃপ্রবাহ সর্বাধিক করার অনুরোধ জানিয়ে এই বছরের গোড়ার দিকে, গভর্নর কুওমো IJC কে লিখেছিলেন। তারপর থেকে, জল স্তরগুলি স্বাভাবিকের তুলনায় বেশি থেকেছে এবং আগামী সপ্তাহগুলিতে তা বাড়তে পারে বলে আশা করা

হচ্ছে, যার ফলে বাড়ির মালিকদের এবং ব্যবসাগুলিকে সম্ভাব্য বন্যা থেকে রক্ষা করার জন্য অঞ্চলটিতে স্টেটের রিসোর্সগুলোর সক্রিয় মোতায়েন প্রয়োজন।

বিভাগের সমন্বিত প্রচেষ্টা এবং সংস্থান মোতায়েন ছাড়াও, গ্রেট লেকস বেসিনে (Great Lakes Basin) চলতে থাকা স্বাভাবিকের চেয়ে বেশি বৃষ্টিপাত এবং বরফ গলে যাওয়ার জন্য ওন্টারিও হ্রদ এবং সেন্ট লরেন্স নদীতে জলের স্তর বেড়ে যাওয়ার কারণে সম্ভাব্য ক্ষতির প্রভাবগুলি দূর করতে গভর্নর কুওমো স্টেটের পরিবেশ সংরক্ষণ দপ্তরকে একটি জেনারেল পার্মিট ইস্যু করার নির্দেশ দিয়েছেন। DEC কমিশনানের ইস্যু করা জরুরি ঘোষণা ভিত্তিক এই পার্মিট, উপকূলবর্তী সম্পত্তির মালিকদের বন্যার কারণে ক্ষতিগ্রস্ত তাদের সম্পত্তির দ্রুত প্রয়োজনীয় মেরামত এবং স্থিতিশীল করার জন্য প্রক্রিয়াগুলিকে দ্রুততর করবে। উচ্চ জলস্তর চলতে থাকবে বলে অনুমান করা হচ্ছে এবং এর ফলে সমুদ্র উপকূলের বিস্তীর্ণ অঞ্চলের ক্ষয় হবে, যা উপকূলবর্তী স্ট্রাকচারগুলির ক্ষতি করবে এবং 2017 সালের বসন্তকালে হওয়া ঐতিহাসিক বন্যার মতো অবকাঠামোকে বিপন্ন করে তুলবে।

নতুন পার্মিটটি DEC-র ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে। 30 এপ্রিল 2020 অবধি DEC আবেদন গ্রহণ করবে। জেনারেল পার্মিট কর্তৃপক্ষ (General Permit authority) 30 সেপ্টেম্বর 2020 পর্যন্ত কার্যকর থাকবে।

অনুমোদিত ক্রিয়াকলাপগুলিতে রয়েছে:

- ক্ষতিগ্রস্ত কাঠামোগুলির মেরামত এবং কোনো বস্তুর প্রতিস্থাপন;
- বিদ্যমান সর্বজনীন সড়ক, সেতু, ইউটিলিটি এবং অন্যান্য সর্বজনীন অবকাঠামোগুলির মেরামত বা প্রয়োজনীয় সামগ্রী দিয়ে পুনঃনির্মাণ;
- সাময়িক ঠেকনা এবং আস্তরণ দিয়ে বিদ্যমান, কর্মরত ঝড়-দ্বারা ক্ষতিগ্রস্ত আবাস, ডেক, এবং হাঁটার পথগুলিকে স্থিতিশীল করা;
- উপকূলের পলি জমে লেক অন্টারিওর শাখানদীগুলির গতিপথ বন্ধ হয়ে গেলে তা সরানো।

যে সমস্ত বাড়ির মালিক এবং পৌরসভাগুলির পার্মিটগুলি সম্পর্কে প্রশ্ন আছে তারা আঞ্চলিক DEC পার্মিট প্রশাসকের (Regional DEC Permit Administrator) সাথে যোগাযোগ করতে পারেন।

তা ছাড়াও, স্টেটের পরিবহন বিভাগ (Department of Transportation, DOT) ডিপার্টমেন্ট অব কারেকশন্স অ্যান্ড কমিউনিটি সুপারভিসনের (Department of Corrections and Community Supervision, DOCCS) সহযোগিতায় ওন্টারিও হ্রদের উপকূলে অবস্থিত আটটি কাউন্টিতে বালির বস্তা ভর্তি করার কার্যক্রম পরিচালনা করছে, যেখানে এই বিভাগ 5-12 জন যোগ্য বন্দীকে নিয়োগ করেছে, যারা প্রায় 113,000 টি বালির বস্তা ভরেছেন এবং একটি অ্যাকোয়াড্যাম নিয়োগের জন্য কাজ করেছেন। পরিস্থিতির যেমন অগ্রগতি হবে, সেই হিসেবে DOCCS অতিরিক্ত কর্মীদের উপলব্ধ করা অব্যাহত রাখবে।

DOT এর ইন্সিডেন্ট কমান্ড সিস্টেম (incident command system) এই আবহাওয়ার ঘটনার জন্য সক্রিয় করা হয়েছে এবং রক্ষণাবেক্ষণ কর্মীরা বন্যার আশঙ্কায় হ্রদের উপকূল বরাবর কৌশলগত অবস্থানগুলিতে DHSES সরঞ্জাম, যেমন জলের পাম্প এবং অ্যাকোয়াড্যাম মোতায়েন করছে। কর্মীরা এছাড়াও প্রতিক্রিয়া সরঞ্জাম প্রস্তুত করছে, নিচু এলাকায় নিষ্কাশন অবকাঠামো পরিদর্শন করছেন, এবং ধ্বংসাবশেষের জন্য কালভার্টগুলি পরিদর্শন করছেন। নিউ ইয়র্ক স্টেট পাওয়ার অথরিটি অ্যান্ড ক্যানাল কর্পোরেশন (New York State Power Authority and Canal Corporation) প্রভাবিত কমিউনিটিগুলিতে সংস্থান সরবরাহের জন্য সহায়তা প্রদান করেছে।

2017 সালে লেক অন্টারিও, নায়াগ্রা নদীর নিম্নাংশ এবং সেন্ট লরেন্স নদীর উপকূল বরাবর উচ্চ জলস্তরের ঘটনার পর, স্টেট লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স উপকূলের জন্য 95 মিলিয়ন ডলার বরাদ্দ করেছে। বন্যায় ক্ষতিগ্রস্ত অধিবাসীদের, ছোট ব্যবসা এবং পৌরসভাগুলির সহায়তার জন্য প্রাথমিকভাবে 45 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতির সাথে পুনরুদ্ধারের কর্মসূচিটি শুরু হয়েছিল। পূর্ববর্তী ত্রাণকে শক্তিশালী করার জন্য এবং পুনরুদ্ধারের প্রচেষ্টার জন্য প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদানের জন্য স্টেট ও পৌরসভা সুবিধা কার্যক্রম থেকে এটিকে 5 মিলিয়ন মার্কিন ডলারের সম্পূরক অর্থ প্রদান করা হয়েছিল। 2018-19 সালের স্টেটের বাজেটে পুনরুদ্ধার কর্মসূচির জন্য অতিরিক্ত 40 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত ছিল, যা সমুদ্র উপকূল পুনর্গঠন ও স্থিতিশীলতা, এবং বন্যা ও সামুদ্রিক দেওয়াল জরুরি পুনঃনির্মাণের অর্থ পরিশোধ করা সমর্থন করে চলেছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন